

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা- ১০০০।
www.wewb.gov.bd

নং- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০(১১) ০ ৪

তারিখ: ০২ জানুয়ারি ২০২০খ্রি:।

বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহন।।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৯ সালে পিইসি/সমমান, জেএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণী/সমমান (ইংলিশ মিডিয়াম এর জন্য Level-6), নবম শ্রেণী/সমমান (ইংলিশ মিডিয়াম এর জন্য Level-9), বাংলাদেশ পাবলিক বিশ্ব বিদ্যালয়/ পাবলিক মেডিকেল কলেজ ১ম বর্ষ/১ম সেমিস্টার অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক মেধাবী ছাত্র/ছাত্রীকে শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহবান করা হয়েছে। ইতোমধ্যে বিজ্ঞপ্তিটি ২১ জানুয়ারি তারিখের “দৈনিক বাংলাদেশ প্রতিদিন” ২২ জানুয়ারি “দৈনিক আমাদের সময়” ২৩ জানুয়ারি “দৈনিক কালের কণ্ঠ” ২৬ জানুয়ারি “দৈনিক ভোরের কাগজ” ও ২৭ জানুয়ারি ২০২০ “Daily Star” পত্রিকায় প্রকাশিত হয়েছে। ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি ও আবেদন ফরম পাওয়া যাচ্ছে।

২.০ আবেদন পত্র ১৫ মার্চ, ২০২০ তারিখ বিকাল ০৫ টার মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড (৯ম তলা), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, রমনা, ঢাকা-১০০০ এর দপ্তরে অথবা সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে পৌঁছাতে হবে। প্রবাসী কর্মীদের মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি প্রাপ্তদের সুযোগ সৃষ্টির লক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধি, গণমাধ্যম, জেলা শিক্ষা অফিস এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৩.০ এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম সুসম ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আপনার বোর্ডের অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। আবেদন ফরম।

২। বিজ্ঞপ্তির কপি।

(নুরুন আখতার)

উপ-সচিব

পরিচালক (আইআরপি)

ফোন: ০২-৯৩৫২৬১৯

Email: d.irp@wewb.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, শিক্ষা বোর্ড, *সিফন*

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১. জেলা প্রশাসক (সকল জেলা)।
০২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৩. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা। (সচিবের সদয় অবগতির জন্য)
০৪. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
০৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা। (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)
০৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো। (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)